

নং-স্বাপকম/শুংখলা-১/১-১০৮/২০০৮/৪২৮

তারিখ : ০৫.০১.১৪১৮  
২১.০৪.২০১১

### আদেশ

যেহেতু, ডাঃ জিনাত রেহানা (কোড-১০৯৮৫৪), সহকারী রেজিষ্টার (গাইনী), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম শত ২০.০৬.২০০৭ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিত কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে তাঁকে সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৩(বি) ধারায় অভ্যুক্ত করতঃ বিভাগীয় মামলা নম্বর ৫(১) ধারা মোতাবেক ১ম কারণ-দর্শনো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, অভ্যুক্ত কর্মকর্তা উক্ত কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান না করায় তাঁকে সরকারী চাকুরী হতে কেন বরখাস্ত করা হবে না মর্মে উক্ত অধ্যাদেশের ৫(২) ধারা মোতাবেক ২য় কারণ-দর্শনো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি দ্বিতীয় কারণ-দর্শনো নোটিশের জবাব প্রদান করেন ও তাঁর জবাব সন্তোষজনক বিবেচিত হয়নি;

সেহেতু তাঁকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করে এ বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সতামত চাওয়া হয়;


যেহেতু, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেছে;

যেহেতু, উক্ত কর্মকর্তাকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করার প্রস্তাব মহামান্য রাষ্ট্রপতি সদয় অনুমোদন করেছেন;

এক্ষেণে সেহেতু, সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৯ এর ৪ (এ) ধারা মোতাবেক ডাঃ জিনাত রেহানা (কোড-১০৯৮৫৪), প্রাক্তন সহকারী রেজিষ্টার (গাইনী), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম-কে তাঁর অনুমোদিত অনুপস্থিতির তারিখ ২০.০৬.২০০৭ থেকে সরকারী চাকুরী হতে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

  
(মুহম্মদ হুমায়ুন কবির) ২১/৪/১১  
সচিব


উপ-নিয়ন্ত্রক  
বাংলাদেশ করমস ও প্রকাশনা অফিস  
তেজগাঁও, ঢাকা  
(গেজেটে প্রকাশের জন্য)

নং-স্বাপকম/শুংখলা-১/১-১০৮/২০০৮/৪২৮/৩ (২০)

তারিখ : ০৫.০১.১৪১৮  
২১.০৪.২০১১

অনুলিপি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, তেজগাঁও, ঢাকা
- ২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (আদেশটি সংশ্লিষ্ট কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
- ৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম
- ৪। পরিচালক, MIS, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (বিষয়টি কম্পিউটারে সংরক্ষণ করে রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৫। উপ-সচিব (পার-৩ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৭। বিভাগীয় হিসাবনিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ৮। উপ-পরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৯। প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
- ১০। ডাঃ জিনাত রেহানা (কোড-১০৯৮৫৪), সহকারী রেজিষ্টার (গাইনী), চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম

  
(মোঃ সাহিদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন : ৭১৭২২৫২

sasdisc1@mohfw.gov.bd